চট্টগ্রাম সিটি কর্পোরেশন
এস্টেট শাখা, রাজস্ব বিভাগ
টাইগারপাস, চট্টগ্রাম
www.ccc.gov.bd

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

স্মারক নং ঃ ৪৬.১১.১৬০০.০০৩.১৮.০০৬.২৬-                    তারিখ ঃ            জানুয়ারি ২০২৬

# ফেরিঘাট ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা অনুযায়ী চট্টগ্রাম সিটি কর্পোরেশন নিয়ন্ত্রণাধীন নিম্নবর্ণিত ফেরিঘাটহসমূহ ১৪৩৩ বাংলা সনের জন্য ইজারা প্রদানের নিমিত্ত সীলমোহরযুক্ত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

ফেরিঘাট সমূহ ঃ (শুধুমাত্র চসিকের তালিকাভূক্ত পাটনীজীবি/পাটনীজীবি সংগঠনের সদস্যগণ সকল ঘাটের বিপরীতে দরপত্র ফরম সংগ্রহ করতে পারবেন)

| ক্রঃনং | ফেরিঘাটসমূহের নাম | সিডিউল এর মূল্য | সম্ভাব্য মূল্য |
|---|---|---|---|
| ১ | পতেঙ্গা ১৫নং ঘাট | ৩৭,২০০/- | ১,৮২,৬৫,৬১২/- |
| ২ | সল্টগোলা ঘাট | ৭,২০০/- | ৩২,২৬,১১২/- |
| ৩ | নয়ারাস্তা পাকা পুল ঘাট | ১,২০০/- | ২,২৪,৮৮৮/- |
| ৪ | ফিসারীঘাট | ২,৬০০/- | ৯,০৩,৮৩৩/- |
| ৫ | নতুনঘাট | ১২,০০০/- | ৫৬,১১,১০০/- |
| ৬ | এয়াকুব নগর লইট্যা ঘাট | ১,২০০/- | ২,৬৪,১৯২/- |
| ৭ | পতেঙ্গা ১৪নং ঘাট ও গুচ্ছগ্রাম ঘাট | ১২,২০০/- | ৫৭,২০,৫৫০/- |
| ৮ | ১১নং মাতব্বর ঘাট | ৩৭,৬০০/- | ১,৮৪,৮০,০০০/- |
| ৯ | ১২নং তিনটিংগা ঘাট | ৫,৪০০/- | ২৩,৬৫,০০০/- |
| ১০ | ৭নং রুবি সিমেন্ট ফ্যক্টরী সংলগ্ন ঘাট | ৫০০/- | ৭৭,০০০/- |
| ১১ | ৯নং বি ও সি ঘাট | ১১,২০০/- | ৫২,৮০,০০০/- |
| ১২ | চাক্তাই খালের পাশে পান ঘাট হতে গাইজ্জার ঘাট | ৩,২০০/- | ১২,৬৫,০০০/- |
| ১৩ | পতেঙ্গা চাইনিজ ঘাট | ১,০০০/- | ১,৭২,৯২০/- |
| ১৪ | বাকলিয়া ক্ষেতচর ঘাট | ২,৪০০/- | ৮,৮১,১০০/- |
| ১৫ | চাক্তাই ঘাট (নতুন মাছ বাজার সলগ্ন) | ৮,২০০/- | ৩৭,০৮,১০০/- |
| ১৬ | চাক্তাই লবণঘাট | ৫০০/- | ২৪,৪২০/- |
| ১৭ | শাহ আমানত ব্রীজ সংলগ্ন (পশ্চিম) নতুন ব্রীজ ঘাট | ১,২০০/- | ২,৬৪,০০০/- |

দরপত্র সংগ্রহ ও জমা দানের তারিখ :

| ক্রঃ নং | বিবরণ | দরপত্র ফরম সংগ্রহের তারিখ | দরপত্র দাখিলের তারিখ |
|---|---|---|---|
| ১ | ফেরিঘাট | ০৮ ফেব্রুয়ারি ২০২৬ পর্যন্ত | ০৯ ফেব্রুয়ারি ২০২৬ |

CamScanner

## শর্তাবলী

ক. ১৪৩৩ বাংলা সনের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র ১(এক) বৎসর মেয়াদ এর জন্য ইজারা দেয়া হবে।

খ. ফেরিঘাট ইজারা নীতিমালা ও সরকারী নির্দেশনা মোতাবেক চসিক'র তালিকাভূক্ত পাটনীজীবি / পাটনীজীবি সংগঠনের সদস্যদের অগ্রাধিকার প্রদানের লক্ষ্যে (১ম দফা) সদস্য মর্মে সংগঠনের প্রত্যয়ন পত্র দাখিল সাপেক্ষে নির্ধারিত মূল্যে দরপত্র ফরম ক্রয় করতে হবে।

গ. ফেরিঘাটের দরপত্র দাতাদের দরপত্রের উল্লেখিত দরের ২৫% (পঁচিশ শতাংশ) অর্থ জামানত স্বরূপ 'মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন' বরাবর পে-অর্ডার দরপত্রের সাথে সংযোজন করতে হবে। উক্ত টাকা হতে ২০% অর্থ ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে। অবশিষ্ট ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে।

ঘ. গৃহীত দরপত্র দাতাকে সংবাদ প্রদানের / পত্র প্রেরণের ৭(সাত) কার্য দিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট অর্থ এবং মোট দাখিলকৃত ইজরামূল্যের উপর ৫% আয়কর ও ১৫% ভ্যাটসহ সরকার কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত হারে বিভিন্ন করাদি আবশ্যিকভাবে একই সঙ্গে পরিশোধ করতে হবে। অন্যথায় ইজারা বাতিলসহ জমাকৃত জামানত বাজেয়াপ্ত করতঃ পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

ঙ. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট ফেরিঘাটের সরকারি মূল্য হতে কম হয় তা হলে পুনরায় দরপত্র আহ্বান করা হবে। পরবর্তীতে দরপত্র আহ্বান সত্ত্বেও যদি দাখিলকৃত দর সরকারি মূল্যের চেয়ে কম হয়, তা হলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্খিত ইজারামূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।

চ. একটি ফেরিঘাটের জন্য ক্রয়কৃত সিডিউল অন্য ফেরিঘাটের সিডিউল হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না।

ছ. খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ফেরিঘাটের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

জ. কর্তৃপক্ষের অনুমোদিত রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদারকে নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাঙ্গিয়ে প্রচার করতে হবে।

ঝ. প্রত্যেক ফেরিঘাটের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

ঞ. ইজারাদার কোনক্রমেই ফেরিঘাট অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

ট. ইজারার সমস্ত অর্থ (সরকারিভাবে নির্ধারিত হারে বিভিন্ন করাদিসহ) পরিশোধের ৩(তিন) কার্য দিবসের মধ্যে ৩০০/- টাকার (প্রতি সেট) নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

ঠ. দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

ড. ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্ট্রার সংরক্ষণ করবেন।

ঢ. কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

ণ. নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক ফেরিঘাট ইজারা অনুমোদিত না হলে বা অন্য কোন কারণে ফেরিঘাটের দখল প্রদাদনে বিলম্ব ঘটলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক জমাকৃত অর্থ ইজারাদারকে ফেরত প্রদান করা হবে।

ত. ফেরিঘাটের ইজারার টাকা "সরকারী দাবী আদায় আইন-১৯১৩" অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হবে।

CS CamScanner

থ. উল্লিখিত ফেরিঘাটসমূহ ইজারা গ্রহণের জন্য বর্ণিত তারিখে বেলা ১.০০ ঘটিকার মধ্যে দরপত্র সিটি কর্পোরেশনের প্রধান কার্যালয়ের ২য় তলায় রক্ষিত দরপত্র বাক্সে ফেলতে হবে। উল্লিখিত তারিখে দুপুর ১.৩০ ঘটিকায় সিটি কর্পোরেশন মিলনায়তনে দরপত্র দাতার সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

দ. ফেরিঘাটের দরপত্রের ক্ষেত্রে "মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন" এর অনুকূলে পে-অর্ডারের মাধ্যমে ইজারার শর্ত সম্বলিত দরপত্র ফরম পার্শ্বে বর্ণিত মূল্যে (অফেরতযোগ্য) অত্র অফিসের এস্টেট শাখা, রাজস্ব সার্কেল অফিস, আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা এর কার্যালয়, জেলা প্রশাসক এর কার্যালয় এবং বিভাগীয় কমিশনার এর কার্যালয় হতে দরপত্র জমা দেয়ার তারিখের পূর্বের দিন (কার্যদিবস) পর্যন্ত ক্রয় করা যাবে।

ধ. ইজারা কার্যক্রম চলাকালীন সময়ে যে কোন সিদ্ধান্ত গ্রহনের ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত সর্বশেষ বিধিমালা অনুসরণ করা হবে।

ন. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

২২/০১/২০২৬

(এস এম সরওয়ার কামাল)
প্রধান রাজস্ব কর্মকর্তা (উপসচিব)
চট্টগ্রাম সিটি কর্পোরেশন
ফোন ঃ ০২-৩৩৩৩৮৮৮০৮
E-mail : cro@ccc.gov.bd

স্মারক নং ঃ ৪৬.১১.১৬০০.০০৩.১৮.০০৬.২৬- ০৮৬ তারিখ ঃ ২২জানুয়ারি ২০২৬

**অনুলিপি ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)**

১। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
২। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
৩। একান্ত সচিব, মাননীয় মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল- , চট্টগ্রাম সিটি কর্পোরেশন
৫। জনসংযোগ কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন। বিজ্ঞপ্তিটি জাতীয় দৈনিক পত্রিকা ১টি এবং স্থানীয় ১টি বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৬। প্রোগ্রামার, চট্টগ্রাম সিটি কর্পোরেশন। ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৭। কর কর্মকর্তা, ------------ রাজস্ব সার্কেল, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
৮। ব্যক্তিগত সহকারী, প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। ব্যক্তিগত সহকারী, সচিব, চট্টগ্রাম সিটি কর্পোরেশন (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। অফিস কপি।

22/01/2026

প্রধান রাজস্ব কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন

CamScanner